বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২১-২০২২/৬৯২ তারিখঃ ২৮-১১-২০২১

বিষয় ঃ নুতন ও পুনঃ প্রচলনযোগ্য ব্যাংক নোট/ কারেন্সীর উপর লেখা, সীল প্রদান এবং নোটের প্যাকেটে স্ট্যাপলিং পরিহার প্রসংগে।

সূত্র নং- ০১। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ডিসিএম সার্কুলার নং-০৪/২০২১, ২৮ সেপ্টেম্বর ২০২১।
০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ডিসিএম সার্কুলার নং-ইহিশাঃ-২৩(পলিসি)/২০২০-২৯৭৪, ২৭ সেপ্টেম্বর ২০২০।
০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ডিসিএম সার্কুলার নং-০৬/২০১৯, ০৯ সেপ্টেম্বর ২০১৯।
০৪। বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান, কার্যালয়, ঢাকা এর প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২১-২০২২/৪৪৯ তারিখ ০৫-০১০-২০২১
০৫। বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান, কার্যালয়, ঢাকা এর প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২০-২০২১/৫৩৬ তারিখ ৩০-০৯-২০২০
০৬। বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান, কার্যালয়, ঢাকা এর প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৯-২০২০/৩৬৪ তারিখ ১৫-০৯-২০১৯০

উপর্যুক্ত বিষয়ে নোট গণনাকারী কর্তৃক প্রতিটি প্যাকেটে নোটের সংখ্যা সম্পর্কে নিশ্চিত হয়ে প্যাকেট ব্যান্ডিং করার পর সংশ্লিষ্ট ব্যাংকের নাম, সীল, নোট গণনাকারীর স্বাক্ষর ও তারিখ সম্বলিত লেবেল/ফ্ল্যাইলিফ লাগানোর বিধান থাকলেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত নির্দেশনা লংঘন করে সরাসরি টাকার উপর সংখ্যা ও তারিখ লেখা, শাখার সীল, স্বাক্ষর ও অনুস্বাক্ষর প্রদান, স্ট্যাপলিং ইত্যাদি করা হচ্ছে। ফলে নোটসমূহ অপেক্ষাকৃত কম সময়ে অপ্রচলনযোগ্য হবার পাশাপাশি গ্রাহকরাও ভোগান্তির শিকার হচ্ছেন। সর্বোপরি রাষ্ট্রীয় অর্থের অপচয় হচ্ছে। এরূপ কার্যক্রম বাংলাদেশ ব্যাংকের ক্লিন নোট পলিসি বাস্তবায়নের ক্ষেত্রে অন্যতম অন্তরায় যা মোটেই কাম্য নয়।

০২। ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে কারেন্সী/ব্যাংক নোট জমা দেওয়ার ক্ষেত্রে পুনঃপ্রচলনযোগ্য (Reissuable) নোটের প্যাকেটে আবশ্যিকভাবে পুনঃপ্রচলনযোগ্য নোট থাকার কথা থাকলেও অনেক ক্ষেত্রে সেখানে (Mutilated Note, Non-issue Note, Soile Note, Built-up Note, Mismatched Note ইত্যাদি পাওয়া যাচ্ছে বলে বাংলাদেশ ব্যাংক উল্লেখ্য করেছেন। এতদ্ব্যতীত নিম্নরূপ ব্যত্যয়/ অনিয়মসমূহও পরিলক্ষিত হচ্ছে ঃ

(ক) গণনাকৃত প্যাকেটে সঠিক সংখ্যার চেয়ে নোট কম থাকা ;
(খ) উচ্চ মূল্যমানের নোটের প্যাকেটে কম মূল্যমানের নোট থাকা ;
(গ) উচ্চমূল্যের ভিন্ন ভিন্ন সিরিয়াল এর দুটি Claim Notes এর অংশ নিখুঁতভাবে জোড়া দিয়ে, অর্থাৎ built-up note তৈরী করে পুনঃপ্রচলযোগ্য নোটের প্যাকেটে রাখা ; এবং
(ঘ) পুনঃপ্রচলযোগ্য নোটের প্যাকেটে জাল নোট থাকা।

০৩। শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে নির্দেশনা দেয়া সত্ত্বেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত নির্দেশনা লংঘন করে সরাসরি টাকার উপর সংখ্যা ও তারিখ লেখা, শাখার সীল, স্বাক্ষর ও অনুস্বাক্ষর প্রদান, স্ট্যাপলিং, ব্যাংকের নিজস্ব ফ্লাই লিফ ব্যবহার না করা ইত্যাদি অনিয়ম পরিলক্ষিত হচ্ছে। যা মোটেই কাম্য নয়।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক সকল শাখার ক্যাশ অফিসার, ও ব্যবস্থাপকগনকে গণনাকালে নোটের উপর লেখা, স্বাক্ষর, সীল প্রদান এবং নোটের প্যাকেটে স্ট্যাপলিং (১০০০ টাকার মূল্যমান নোট ব্যতীত) হতে বিরত থাকা এবং প্যাকেটে নোটের সংখ্যা সম্পর্কে নিশ্চিত হয়ে প্যাকেট ব্যান্ডিং করার পর সংশ্লিষ্ট ব্যাংক শাখার নাম, সীল, নোট গণনাকারীর স্বাক্ষর ও তারিখ সম্বলিত লেবেল/ফ্লাইলিফ লাগানোর কঠোরভাবে পরিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশনা দেয়া হলো।

28/11/2022

জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

বিতরণঃ
০১। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমুহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২১-২০২২/৬৯২ তারিখঃ ২৮-১১-২০২১

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

(মোঃ ইয়াহিয়া ভূঁইয়া)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

F:Khalafot/Circular